দৈনিক জনকণ্ঠ

তারিখ 10 FEB 1998
পৃষ্ঠা ৩ কলাম ৭

# বয়স্ক শিক্ষার হার ৬২ শতাংশে উন্নীত করার টার্গেট ॥ ২৮০ কোটি টাকার প্রকল্প

শরিফুজ্জামান পিন্টু

দু' হাজার সালের মধ্যে বয়স্ক শিক্ষার হার শতকরা ৬২ ভাগে উন্নীত করার জন্য সরকার আরও একটি উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প হাতে নিয়েছে। দু'শ' আশি কোটি টাকার এ প্রকল্পের মাধ্যমে ১১ থেকে ৪৫ বছর বয়সী ৮১ লাখ ৭৯ হাজার নিরক্ষর ব্যক্তিকে উপানুষ্ঠানিক শিক্ষা প্রদানের টার্গেট নেয়া হয়েছে।

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় সম্প্রতি প্রকল্পটি অনুমোদন লাভ করে। এর নাম উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প-২ (সংশোধিত)। উল্লেখ্য, দু'শ' পাঁচ কোটি টাকা ব্যয়ে উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্প-১-এর কাজ চলছে। এ প্রকল্পের মাধ্যমে ২৯ লাখ ৫০ হাজার নিরক্ষরকে স্বাক্ষর করার লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে।

জানা যায়, দ্বিতীয় উপানুষ্ঠানিক শিক্ষা প্রকল্পের দু'শ' আশি কোটি টাকার মধ্যে সরকার প্রদান করবে ১শ' ৬০ কোটি টাকা। উন্নয়ন সহযোগী সংস্থা সিডা ও নোরাড বাকি ১শ' ২০ কোটি টাকা প্রদান করবে। তিনটি পদ্ধতির মাধ্যমে উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী বাস্তবায়ন করা হবে। এগুলো হচ্ছে সার্বিক সাক্ষরতা আন্দোলন (টিএলএম), বেসরকারী সংস্থার মাধ্যমে কেন্দ্রভিত্তিক কর্মসূচী এবং স্বেচ্ছাসেবী ও সমাজ হিতৈষী সংস্থার কাছে পুস্তিকা বিতরণ।

প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের উদ্যোগে গৃহীত এ প্রকল্প বাস্তবায়ন করবে উপানুষ্ঠানিক শিক্ষা অধিদফতর। দু'হাজার এক সালের জুন মাসের মধ্যে প্রকল্পটি শেষ হবার কথা থাকলেও নির্ধারিত সময়ে এর বাস্তবায়ন সম্ভব হবে না বলে নির্ভরযোগ্য সূত্রে জানা গেছে।